গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত ব্রাহ্মণবাড়িয়া জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১০ ডিসেম্বর ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১০:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয়
উপস্থিতি	সংযুক্ত: পরিশিষ্ট - 'ক'

সভাপতি জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া গত নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনো সংশোধন, সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী বিভিন্ন সংস্থা কর্তৃক চোরাচালান প্রতিরোধে পরিচালিত নভেম্বর, ২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

নভেম্বর, ২০২৩ মাসে পরিচালিত চোরাচালান বিরোধী অভিযানের বিবরণঃ

সংস্থার নাম	পরিচালিত অভিযানের সংখ্যা	আটক মামলার সংখ্যা	আটককৃত পণ্যের নাম ও পরিমাণ	আটককৃত ব্যক্তির সংখ্যা	আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা	মন্তব্য
১। টাস্কফোর্স	২৭ টি	২২ টি	গাঁজা- ১২ কেজি, এস্কাফ- ১২০ বোতল, অটোরিক্সা- ০১টি	২২ জন	২২ টি	-
২। ২৫ বিজিবি, সরাইল	২৭৫৩টি	৭৬ টি	ইয়াবা- ৯২৫১ পিস, ইস্কফ-৩৯৮৬ বোতল, হুইস্কি-৪৫৩ বোতল, গাঁজা-২৪৯.৫কেজি, ফেন্সিডিল-১৪৪ বোতল, বিয়ার-১৫৩ বোতল, ভারতীয় শাড়ি-১৯১ পিস, তোয়ালে-১টি, থ্রীপিস-৪৩পিস, গেঞ্জি-৩টি, হাজী রুমাল-৫১৩ পিস, কাশ্মীরি শাল-৯৯পিস, মোটর সাইকেল-১টি, সিএনজি-১টি, অটোরিক্সা-১টি, বিভিন্ন প্রকার কসমেটিক্স- ১৮৭৪টি, গরু-৪টি, ফুসকা-৫৬৭ কেজি	০২ জন	০২ টি	
৩। ৬০ বিজিবি, সুলতানপুর	১৩২০ টি	১৬৭ টি	হুইস্কি- ১১১৪ বোতল, বিয়ার- ১৫৪ বোতল, গাঁজা- ২২৪.৩ কেজি, ইস্কপ সিরাপ- ১৬২ বোতল, ইয়াবা ট্যাবলেট- ২৯২২ পিস, ভারতীয় গরু- ০৮ টি, বিভিন্ন প্রকার বাঁজি- ১০৩৩০৭ টি, ফুচকা- ৩২৯ প্যাকেট, চিনি- ২০৬৯০ কেজি, চা পাতা- ১৩৫ কেজি, সিগারেট- ১০২০ প্যা., মলম- ৫০০ পিস, বিস্কুট- ২৫০ প্যাকেট, বিভিন্ন প্রকার কসমেটিক্স- ৪৩৬১ পিস, ভারতীয় উন্নতমানের শাড়ী- ৩৪ পিস, আকাশ মিন গাছ- ৩৯.০৯ ঘনফুট, কাশ্মিরী চাঁদর- ৭২ পিস, SPERM XXXL GOLD- ১০২ বোতল, HI POWER MUSLI- ৮৫ বোতল, মোটর সাইকেল চেইন ও বাম্পার- ০৩ টি, বরাক বাঁশ- ৩০ টি, এ্যান্ড্রয়েড ফোনের ডিসপ্লে- ২৫৮ পিস, মোটরসাইকেল- ০১ টি, তরমুজের বীজ- ২০৭ প্যাকেট, মশার কয়েল- ১৮৬০০ প্যাকেট, অটোরিক্সা- ০১ টি, মোটরসাইকেল- ০১ টি, বয়লার মুরগী বাচ্চা- ৩২৪০ টি, কাঁচি ও আচারী- ১৮০০ প্যাকেট, অটোর ব্যাটারী- ০৭ টি, মলা মাছ- ৯০ কেজি, মটর ডাল- ৪৫০ কেজি।	০১ জন	০১ টি	
৪। জেলা পুলিশ, ব্রাহ্মণবাড়িয়া	৮৬৫ টি	৪০ টি	গাঁজা- ১৭০.৭৫০ কেজি, ফেন্সিডিল-৪৩৬ বোতল, ইয়াবা- ২৩৮২ পিস, এস্কফ-২৪২ বোতল, বিয়ার-১০ বোতল, বিদেশী মদ- ৪৭ বোতল	৪৯ জন	৪০ টি	
৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া	২২৩ টি	০৭ টি	গাঁজা- ৪৮ কেজি, ইয়াবা-৪২১৪ পিস, অটোরিক্সা- ০১টি	০৭ জন	০৭ টি	
৬। কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া	০১ টি	২৬ টি	শাড়ি- ১০পিস, কসমেটিক্স- ৯৯ কেজি	-	-	
৭। আখাউড়া রেলওয়ে থানা	৩০ টি	০১ টি	গাঁজা- ২ কেজি	০১ জন	-	
বিবেচ্য নভেম্বর, ২৩ মাসের মোট=	৫২১৯ টি	৩৩৯ টি	-	৮২ জন	৭২ টি	
বিগত অক্টোবর, ২৩ মাসের মোট=	৭৮৭২ টি	৪৩৮ টি	-	১৭৭ জন	১২২ টি	

হ্রাস/বৃদ্ধি =	হ্রাস ২৬৫৩ টি	হ্রাস ৯৯ টি	-	হ্রাস ৯৫ জন	হ্রাস ৫০ টি	

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	**চোরাচালান প্রতিরোধের জন্য স্থল/নৌ পথে অভিযান (PATROL) ও আটক (SEIZURE) মামলা সংক্রান্ত তথ্য পর্যালোচনা:** জেলার চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংস্থাসমূহের নিকট থেকে প্রাপ্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে ৪৩৩৪টি অভিযানের মাধ্যমে ২৬৩টি মামলায় মাদকদ্রব্যসহ বিভিন্ন প্রকার চোরাই পণ্য আটক করা হয়, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা ১৮৮টি, আটক ব্যক্তির সংখ্যা ২৫ জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ২৩টি। অক্টোবর, ২০২৩ মাসে ৫৯২১টি অভিযানের মাধ্যমে ৩২০টি মামলায় মাদকদ্রব্যসহ বিভিন্ন প্রকার চোরাই পণ্য আটক করা হয়, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা ২১৭টি, আটক ব্যক্তির সংখ্যা ৫৫ জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ৪৪টি। গত অক্টোবর, ২০২৩ মাসের তুলনায় বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে পরিচালিত অভিযানের সংখ্যা ১৫৮৭টি হ্রাস, আটক মামলার সংখ্যা ৫৭টি হ্রাস, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা ২৯টি হ্রাস, আটক ব্যক্তির সংখ্যা ৩০জন হ্রাস এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ২১টি হ্রাস পেয়েছে। সভাপতি সংশ্লিষ্ট সকলকে অভিযানের সংখ্যা বৃদ্ধি করার অনুরোধ জানান।	চোরাচালান প্রতিরোধ কার্যক্রমকে জোরদার করার লক্ষ্যে স্থল ও নৌ পথে পেট্রোল অভিযান পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া ৪. সুপারিনটেনডেন্ট, স্থল শুল্ক স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৬. অফিসার ইন-চার্জ, আখাউড়া রেলওয়ে থানা, ব্রাহ্মণবাড়িয়া।
২	**চোরাচালান প্রতিরোধের জন্য CHECK POST-এ তল্লাশি ও আটক (SEIZURE) মামলা সংক্রান্ত তথ্য পর্যালোচনা:** জেলার চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংস্থা/দপ্তরসমূহের নিকট থেকে প্রাপ্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায়, বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে ৪১১টি চেকপোস্টে ২৯০৯টি যানবাহনে তল্লাসির মাধ্যমে আটক মামলার সংখ্যা ৬৪টি, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা নেই, আটক ব্যক্তির সংখ্যা ৪৪জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ৩৮টি। অক্টোবর, ২০২৩ মাসে ৭৭৬টি চেকপোস্টে ৪৪৮৭টি যানবাহনে তল্লাসির মাধ্যমে আটক মামলার সংখ্যা ৯১টি, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা ০১টি, আটক ব্যক্তির সংখ্যা ৫২ জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ৫৪টি। গত অক্টোবর, ২০২৩ মাসের তুলনায় বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে চেকপোস্টের সংখ্যা ৩৬৫টি হ্রাস, তল্লাশিকৃত যানবাহনের সংখ্যা ১৫৭৮টি হ্রাস, আটক মামলার সংখ্যা ২৭টি হ্রাস, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলা সমান, আটক ব্যক্তির সংখ্যা ০৮জন হ্রাস এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ১৬টি হ্রাস পেয়েছে। সভাপতি সকলকে অভিযানের সংখ্যা বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।	মাদকের বিস্তার রোধ ও সকল ধরনের পণ্যের চোরাচালান প্রতিরোধে চেকপোস্টে তল্লাশি অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া ৪. সুপারিনটেনডেন্ট, স্থল শুল্ক স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৬. অফিসার ইন-চার্জ, আখাউড়া রেলওয়ে থানা, ব্রাহ্মণবাড়িয়া
৩	**আবাসিক স্থান/ব্যবসা স্থান/গুদাম ইত্যাদিতে পরিচালিত RAID-এর সংখ্যা ও আটক (SEIZURE) মামলা সংক্রান্ত তথ্য পর্যালোচনা:** জেলার চোরাচালান বিরোধী কার্যক্রম পরিচালনার সাথে সংশ্লিষ্ট সংস্থা/দপ্তরসমূহের নিকট থেকে প্রাপ্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায়, বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে আবাসিক স্থানে রেইডের সংখ্যা ১১০টি, ব্যবসা স্থানে ১১৫টি, গুদামে ১১৮টি রেইডসহ মোট রেইড এর সংখ্যা ৩৪৩টি, আটক মামলার সংখ্যা ১১টি, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলা নেই, আটক ব্যক্তির সংখ্যা ১৫জন, আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ১১টি। অক্টোবর, ২০২৩ মাসে আবাসিক স্থানে রেইডের সংখ্যা ৩০৮টি, ব্যবসা স্থানে ২০০টি, গুদামে ৩৩৯টি রেইডসহ মোট রেইড এর সংখ্যা ৮৪৪টি, আটক মামলার সংখ্যা ২৪টি, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলা নেই, আটক ব্যক্তির সংখ্যা ৩০জন, আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ২৪টি। গত অক্টোবর, ২০২৩ মাসের তুলনায় বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে আবাসিক স্থানে রেইডের সংখ্যা ১৯৮টি হ্রাস, ব্যবসা স্থানে রেইডের সংখ্যা ৮৫টি হ্রাস, গুদামে রেইডের সংখ্যা ২২১টি হ্রাসসহ মোট রেইডের সংখ্যা ৫০১টি হ্রাস পেয়েছে, আটক মামলার সংখ্যা ১৩টি হ্রাস, আটক পণ্য শুল্ক গুদামে জমা হয়েছে এমন মামলার সংখ্যা নেই, আটক ব্যক্তির সংখ্যা ১৫জন হ্রাস, আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ১৩টি হ্রাস পেয়েছে। সভাপতি চোরাচালান প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর ও গতিশীল করার লক্ষ্যে রেইড পরিচালনা বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	মাদক পাচার ও সেবন বন্ধসহ সকল ধরনের চোরাচালান প্রতিরোধ কার্যক্রমকে কার্যকর ও গতিশীল করার লক্ষ্যে আবাসিক স্থান/ব্যবসা স্থান/গুদাম ইত্যাদিতে রেইড (Raid) পরিচালনা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। বিশেষ করে সীমান্তবর্তী ০৩টি উপজেলায় রেইড কার্যক্রম পরিচালনা জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া ৪. সুপারিনটেনডেন্ট, স্থল শুল্ক স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৬. অফিসার ইন-চার্জ, আখাউড়া রেলওয়ে থানা, ব্রাহ্মণবাড়িয়া

৪	**চোরাচালান প্রতিরোধে পরিচালিত (সকল ধরনের) অভিযান ও আটক (Seizure) মামলা সংক্রান্ত তথ্য পর্যালোচনা:** জেলার চোরাচালান প্রতিরোধ কার্যক্রম সম্পর্কিত সংস্থা/দপ্তর/বিভাগসমূহ থেকে প্রাপ্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায়, বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে ৫২১৯টি অভিযান পরিচালনার মাধ্যমে ৩৩৯টি আটক মামলায় গাঁজা, ফেন্সিডিল, এস্কফসহ বিভিন্ন মাদকদ্রব্য আটক করা হয়। আটক ব্যক্তির সংখ্যা ৮২জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ৭২টি। অক্টোবর, ২০২৩ মাসে ৭৮৭২টি অভিযান পরিচালনার মাধ্যমে ৪৩৮টি আটক মামলায় গাঁজা, ফেন্সিডিল, এস্কফসহ বিভিন্ন মাদকদ্রব্য আটক করা হয়। আটক ব্যক্তির সংখ্যা ১৭৭ জন এবং আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ১২২টি। গত অক্টোবর, ২০২৩ মাসের তুলনায় বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে পরিচালিত অভিযানের সংখ্যা ২৬৫৩টি হ্রাস, আটক মামলার সংখ্যা ৯৯টি হ্রাস, আটক ব্যক্তির সংখ্যা ৯৫জন হ্রাস, আটক ব্যক্তির সাথে সংশ্লিষ্ট মামলার সংখ্যা ৫০টি হ্রাস পেয়েছে। সভাপতি চোরাচালান প্রতিরোধে পরিচালিত অভিযানের সংখ্যা বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	মাদক নির্মূল ও চোরাচালান প্রতিরোধ কার্যক্রমকে গতিশীল রাখার লক্ষ্যে সকল ধরনের অভিযান পরিচালনা অব্যাহত রাখা এবং টাস্কফোর্সের মাধ্যমে পরিচালিত অভিযানের সংখ্যা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া ৪. সুপারিনটেনডেন্ট, স্থল শুল্ক স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৬. অফিসার ইন-চার্জ, আখাউড়া রেলওয়ে থানা, ব্রাহ্মণবাড়িয়া
৫	**সীমান্তবর্তী উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সভা অনুষ্ঠান এবং সচেতনতামূলক কর্মকান্ড সংক্রান্ত:** সীমান্তবর্তী উপজেলাসমূহ হতে প্রাপ্ত মাসিক বিবরণী অনুযায়ী দেখা যায় যে, বিবেচ্য নভেম্বর, ২০২৩ মাসে ০৩টি সীমান্তবর্তী উপজেলায় ০৩টি এবং ইউনিয়ন পর্যায়ে ০৩টি উপজেলার ১০টি ইউনিয়নের মধ্যে সব কয়টি ইউনিয়নে সভা অনুষ্ঠিত হয়েছে। সীমান্তবর্তী সকল উপজেলা ও ইউনিয়নে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। একই সাথে সভাপতি বলেন, গতানুগতিক সভার পরিবর্তে সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নের মাধ্যমে সভার কার্যকারিতা নিশ্চিত করতে হবে। এছাড়া, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করেন।	সীমান্তবর্তী উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন; সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর/আখাউড়া/কসবা, ব্রাহ্মণবাড়িয়া
৬	**অধিনায়ক, ৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া বলেন,** আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এবং বর্তমান পরিস্থিতিতে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবির টহল অভিযান জোরদার করা হয়েছে। প্রতিটি বিওপিতে জনবল বৃদ্ধি করা হয়েছে। এছাড়া, সীমান্ত দিয়ে অস্ত্র, গোলাবারুদ পাচার রোধে নজরদারী জোরদার করা হয়েছে।	১. আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এবং বর্তমান পরিস্থিতিতে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবির টহল অভিযান জোরদার করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. সীমান্ত দিয়ে অস্ত্র, গোলাবারুদ পাচার রোধে নজরদারী জোরদার করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. উপজেলা নির্বাহী অফিসার, কসবা/আখাউড়া/বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া
৭	**অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল, ব্রাহ্মনবাড়িয়া বলেন,** আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ২৫ বিজিবির অধীভূক্ত সীমান্ত এলাকাসহ সর্বত্র আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবি তৎপর আছে। এছাড়া, বর্তমানে বিদ্যমান পরিস্থিতিতে চলমান যৌথ টহল অভিযান আরও জোরদার করা হবে।	১. আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ২৫ বিজিবির অধীভূক্ত সীমান্ত এলাকাসহ সর্বত্র আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবিকে তৎপর থাকার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. বর্তমানে বিদ্যমান পরিস্থিতিতে চলমান যৌথ টহল অভিযান আরও জোরদার জোরদার করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া
৮	**পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়ার প্রতিনিধি** বলেন, জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। তিনি আরও বলেন, আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়া, জেলা নির্বাচন অফিসসহ নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে সতর্ক থাকার অনুরোধ জানান।	১. আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অবৈধ অস্ত্র উদ্ধার কার্যক্রম জোরদার করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. জেলা নির্বাচন অফিসসহ নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদারকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে সতর্ক থাকার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া ২. জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির সকল সদস্য

৯	**সভাপতি ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া** বর্তমান পরিস্থিতি এবং আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জেলার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের অনুরোধ জানান। নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের নির্বাচনি আচরণবিধি মেনে চলার অনুরোধ করার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, কোন প্রকার নাশকতার ঘটনা প্রতিরোধে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। সর্বশেষে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং সকল আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে চলমান টহল অভিযান পরিচালনা অব্যাহত রাখাসহ আরও জোরদার করার অনুরোধ জানান।	১. বর্তমান পরিস্থিতি এবং আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে জেলার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের নির্বাচনি আচরণবিধি মেনে চলার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. কোন প্রকার নাশকতার ঘটনা প্রতিরোধে সকলকে সচেতন থাকার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪. জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং সকল আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে চলমান টহল অভিযান পরিচালনা অব্যাহত রাখাসহ আরও জোরদার করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয় ২. অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া ৩. কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-৯, ব্রাহ্মণবাড়িয়া ৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপির কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৬. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ব্রাহ্মণবাড়িয়া ৭. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া ৮. সকল সদস্য, জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটি, ব্রাহ্মণবাড়িয়া

সভাপতি আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.১৬.০১৬.২২.১৮৫১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০
১১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৩) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
৪) মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া
৫) অধিনায়ক, ২৫ বিজিবি, সরাইল/৬০ বিজিবি, সুলতানপুর, ব্রাহ্মণবাড়িয়া
৬) অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক), ব্রাহ্মণবাড়িয়া।
৭) উপপরিচালক, এনএসআই, ব্রাহ্মণবাড়িয়া
৮) কোম্পানী কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-৯, ব্রাহ্মণবাড়িয়া
৯) পরিচালক, ৫ আনসার ব্যাটালিয়ন, সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া
১০) উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১১) বিজ্ঞ পি.পি., ব্রাহ্মণবাড়িয়া
১২) বিজ্ঞ স্পেশাল পি.পি., ব্রাহ্মণবাড়িয়া
১৩) বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া
১৪) সুপারিনটেনডেন্ট, আখাউড়া স্থল শুল্ক স্টেশন, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া
১৫) সহকারী বন সংরক্ষক, ব্রাহ্মণবাড়িয়া
১৬) সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ব্রাহ্মণবাড়িয়া
১৭) অফিসার ইন-চার্জ, সকল থানা, ব্রাহ্মণবাড়িয়া
১৮) সভাপতি, ব্রাহ্মণবাড়িয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
১৯) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)
২০) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
২১) জনাব ....., সদস্য, জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটি, ব্রাহ্মণবাড়িয়া

মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট